

SKBU JOURNAL OF PHILOSOPHY
PEER REVIEWED

মহাত্মা গান্ধীর ভাবনায় নীতি ও আদর্শ: একটি দার্শনিক অন্বেষণ

ড. অতসী মহাপাত্র

সারাংশ

মহাত্মা গান্ধীর জীবনদর্শন, সমাজভাবনা, রাজনৈতিক চিন্তাচেতনা তথা তাঁর সমগ্র চিন্তা-কর্ম পরিকল্পনা সত্য ও অহিংসা নীতির উপর প্রতিষ্ঠিত ছিল। তিনি হলেন সক্রিয় কর্মযোগী, তাই কর্মযোগ এবং বিভিন্ন নিয়ম-নীতি, আচার-অনুষ্ঠান পালনের দ্বারা তিনি মানবজীবনকে পরিচালিত করে এক উন্নত সমাজব্যবস্থা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। তাই তাঁর চিন্তাভাবনার কতকগুলি উল্লেখযোগ্য দিক হল প্রাচীন ভারতীয় ঐতিহ্যের প্রতি আস্থা এবং বিশ্বাস এবং সেগুলিকে ব্যবহারিক জীবনে প্রয়োগ, আধিবিদ্যক ও নৈতিক প্রত্যয় সম্পর্কে ধারণা, সত্য, অহিংসা ও অন্যান্য সদগুণ সম্পর্কে ধারণা, সত্যগ্রহ, নৈতিকতা, সর্বোদয় সমাজ, স্বরাজ, রামরাজ্য, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক সংস্কারসাধন ইত্যাদি। এগুলির উপর ভিত্তি করে তিনি প্রতিষ্ঠা করেছিলেন এক অনন্য জীবনদর্শন। তাই গান্ধীবাদ হল সকল প্রকার নৈতিক ও ধর্মীয় আদর্শ এবং মৌলিক নীতির উপর প্রতিষ্ঠিত এটি এমন একটি মতবাদ যেখানে তিনি ন্যায় এবং সমতাভিত্তিক সুদূরপ্রসারী সামাজিক রূপান্তরের মাধ্যমে অহিংস সামাজিক কাঠামো গড়ে তুলতে চেয়েছিলেন। সমাজ থেকে জাতিভেদ বর্ণভেদ অস্পৃশ্যতা দূর করে সমাজের সকল ব্যক্তির কল্যাণকে তাঁর জীবনের আদর্শ হিসেবে গ্রহণ করেছিলেন। মানবসমাজের পুনর্গঠন এবং মানবজাতির উন্নয়নের জন্য তিনি মৌলিক আদর্শ অনুশীলনের উপর গুরুত্ব আরোপ করেছেন। তাঁর সামাজিক অর্থনৈতিক এবং রাজনৈতিক মতাদর্শসমূহ এক সুস্পষ্ট নৈতিকজীবনের প্রকৃত লক্ষ্যের সন্ধান দেয়, যা সুস্থ সুন্দর জীবনযাপনের পথ নির্দেশ করে। আলোচ্য প্রবন্ধে দার্শনিকতার আলোকে মহাত্মা গান্ধীর জীবনাদর্শ ও নৈতিকতা সম্পর্কে একটি ধারণা প্রদান করার চেষ্টা করা হয়েছে।

সূচক শব্দ: মহাত্মা গান্ধীর জীবনাদর্শ, নৈতিকতা, প্রাচীন ভারতীয় ঐতিহ্য